



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা



উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)

শেখ হাসিনার বারতা

প্রশিক্ষণ প্রকল্প

<http://www.dwa.gov.bd>

নারী-পুরুষ সমতা

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-০২)-০৬৭

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯

১১ আগস্ট ২০২২

বিষয়: আইজিএ প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয় স্থগিত/হাসকরণের জন্য প্রশিক্ষণার্থীর সংখ্যা হাসকরণ প্রসঙ্গে।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর পত্র  
নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১; তারিখ: ০৩ জুলাই ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, অর্থ মন্ত্রণালয় বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃষ্ণ সাধনের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত শাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় স্থগিত/হাসকরণ করেছেন।

উল্লেখ্য, প্রকল্পের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য উপজেলা পর্যায়ে ৪৩১টি উপজেলায় জুলাই/২০২২ থেকে সেপ্টেম্বর/২০২২ সেশনে ১৬তম ব্যাচে সকাল শিফটে দুই ট্রেডে ৫০ জন এবং বিকাল শিফটে ১৭তম ব্যাচে দুই ট্রেডে ৫০ জনসহ সর্বমোট ১০০ জনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

এমতাবস্থায়, আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ ব্যয় হাস করণ ও বাজেট স্বল্পতার কারণে উপজেলা পর্যায়ের জুলাই/২০২২ থেকে সেপ্টেম্বর/২০২২ সেশনের ১৬তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রতিদিন ৬ ঘণ্টা করে ৩ মাসে ৬০ কর্মদিবসের ৩৬০ ঘণ্টার প্রশিক্ষণ প্রদান করার জন্য অনুরোধ করা হলো এবং চলমান ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করে অক্টোবর/২০২২ থেকে ডিসেম্বর/২০২২ সেশনে প্রতিদিন ৬ ঘণ্টা করে ৩ মাসে ৬০ কর্মদিবসের ৩৬০ ঘণ্টার প্রশিক্ষণ প্রদান করার জন্য অনুরোধ করা হলো।



১১-৮-২০২২

মোঃ তরিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫১৩৮১২৭

ইমেইল: [igaprojectbd@gmail.com](mailto:igaprojectbd@gmail.com)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-০২)-০৬৭/১

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯

১১ আগস্ট ২০২২

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

২) উপপরিচালক (সকল) জেলা পর্যায়

৩) মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর

৪) প্রশিক্ষক (সকল), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ..... উপজেলা..... জেলা।



১১-৮-২০২২

মোঃ তারিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)